দৈনিক ইত্তেফাক

তারিখ ...23 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৩ ......

## শিক্ষামন্ত্রী সমীপে

পত্রিকান্তরে প্রকাশিত হইয়াছে যে, চলতি বৎসর হইতে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় কম্পার্টমেন্টাল প্রথা চালু হইতেছে। ইহা একটি প্রশংসনীয় উদ্যোগ, যাহা, দরিদ্র পরিবারের সন্তানদের উচ্চ শিক্ষা গ্রহণ ও জীবন-জীবিকার জন্য সহায়ক হইবে। প্রসঙ্গত দেশের প্রায় অর্ধেক দরিদ্র ও বিত্তহীন সাধারণ পরিবারের সন্তানেরা মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধিভুক্ত মাদ্রাসাগুলিতে অধ্যয়নরত। মাদ্রাসা শিক্ষাবোর্ডের দাখিল ও আলিম পরীক্ষা যথাক্রমে এস,এস,সি ও এইচ, এস,সির সমমান হিসাবে সরকারীভাবে স্বীকৃত। এমতাবস্থায়, চলতি বৎসর হইতে দাখিল ও আলিম পরীক্ষাতেও কম্পার্টমেন্টাল পরীক্ষা চালু করিবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আবেদন জানাইতেছি।

**মোঃ তোফাজ্জল হোসেন খান স্বপন,**
সরকারী তিতুমীর কলেজ, ঢাকা